

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ : ২৩/০৩/২০০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

নতুন ডিজাইনের ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প প্রসঙ্গে।

অর্থ মন্ত্রণালয়ের, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩(স্ট্যাম্প) এর ০৯/০২/০৯ তারিখে স্মারক নং-  
অম/অসবি-৩/০১/২০০৮(স্ট্যাম্প)-১০/১(৬০) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে  
অপর পৃষ্ঠায় ছব্ব পুনঃমুদ্রিত হলো।

০২। বর্ণিত নির্দেশনা আপনাদের প্রধান কার্যালয়সহ সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার  
পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(শান্তি রঞ্জন দাস)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
শাখা-৩(স্ট্যাম্প)

নং- অম/অসবি-৩/০১/২০০৮(স্ট্যাম্প)-১০/১(৬০)

তারিখঃ ০৯/০২/২০০৯

বিষয়ঃ নতুন ডিজাইনের ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প প্রসঙ্গে ।

সূত্রঃ ডাক অধিদপ্তরের নং পিএস ২-৩/২০০৮/২৮৩, তারিখঃ ১২/০১/২০০৮ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১লা জানুয়ারী, ২০০৯ খ্রিঃ তারিখ থেকে নতুন ডিজাইনের ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প প্রকাশের পরিপ্রেক্ষিতে বর্তমানে প্রচলিত ১.০০(এক) টাকা ও ৪.০০(চার) টাকা মূল্যমানের দুটি এবং ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের একটি রাজস্ব স্ট্যাম্প বিক্রি ও ব্যবহার করার বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:-

- (ক) ১.০০(এক) টাকা ও ৪.০০(চার) টাকা মূল্যমানের দুটি রাজস্ব স্ট্যাম্প ০১/০৪/০৯ তারিখ হতে বিক্রি এবং ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো এবং
- (খ) পুনরাদেশ না দেয়া পর্যন্ত ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের শুধুমাত্র একটি রাজস্ব স্ট্যাম্পের বিক্রি এবং ব্যবহার অব্যাহত থাকবে ।

স্বাক্ষরিত/-  
(মোঃ মফিজুল ইসলাম পাটওয়ারী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৮০২৬